দৈনিক সংবাদ

# প্রস্তুতি সম্পন্ন হওয়ার পর ছাত্রলীগ হল ও থানা সম্মেলন স্থগিত

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ আগামী-কাল সকল প্রস্তুতি সম্পন্ন হওয়ার পর হঠাৎ করেই বুধবার থেকে অনুষ্ঠেয় ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল ও থানা পর্যায়ের সম্মেলন স্থগিত করা হয়েছে। এ নিয়ে বিশ্ববিদ্যালয়কেন্দ্রিক ও থানা পর্যায়ের ছাত্রলীগের নেতা-কর্মীদের মধ্যে তীব্র অসন্তোষ দেখা দিয়েছে। সোমবার ছাত্রলীগের ওকে কমিশনের চেয়ারম্যান ও আওয়ামী লীগের যুববিষয়ক সম্পাদক ওবায়দুল কাদের ছাত্রলীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দের সঙ্গে আলাপ করে এ সিদ্ধান্ত নিয়েছেন বলে জানা গেছে।

এ সংবাদ ছাত্রলীগের বিশ্ববিদ্যালয়-কেন্দ্রিক নেতা-কর্মীদের কাছে পৌঁছলে তাদের মধ্যে অসন্তোষ দেখা দেয়। তারা ওবায়দুল কাদের ও কেন্দ্রীয় কমিটির নেতা-কর্মীদের নামে বিভিন্ন ধরনের অভিযোগ করেন। নাম প্রকাশে অনিচ্ছুক বেশ কয়েকজন নেতা এ প্রতিবেদককে জানান, ওবায়দুল কাদের ওকে কমিশনের নামে সংগঠনের মধ্যে স্বেচ্ছাচারিতা শুরু করেছেন। তার ইচ্ছা অনুযায়ী এখন ছাত্রলীগ চলছে। এখানে কর্মীদের কোন মূল্যায়ন হচ্ছে না। তারা বলেন, এভাবে চলতে থাকলে সংগঠনের নেতা-কর্মীদের মধ্যে বিচ্ছিন্নতা, আন্দোলন-সংগ্রামে উপস্থিতি কমসহ বিভিন্ন সমস্যা দেখা দেবে। ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি বেগ শাহীন জাহান বলেন, সম্মেলনের সকল প্রস্তুতিই আমরা সম্পন্ন করেছি, এ মুহূর্তে সম্মেলন পিছিয়ে দেয়া কোনভাবেই ঠিক হয়নি। এতে কর্মীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া পড়বে। এ ব্যাপারে ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির ভারপ্ সম্পাদক সাইফুজ্জামান শিখর বলে ছাত্রলীগ নেতা সিদ্ধার্থ হত্যা ও নে কর্মীদের গ্রেফতারের কারণে আমরা সম্মেলনগুলো আপাতত স্থগিত রেখেছি।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলে সম্মেলন, ১৫ থেকে ৩১শে মের মা সম্পন্ন করার কথা ছিল।